

বিষয়ঃ- বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত “বিআইডব্লিউটিসি’র ডক-৩ এ মেরিন ওয়ার্কশপ স্থাপন ও অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ বৃদ্ধির উপর অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|------------|---|-----------------------------------------------------|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ২৮/০৫/২০১৮ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত হলো। |

২। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি, বিআইডব্লিউটিসিকে প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে বললে চেয়ারম্যান জানান, প্রকল্পটি ৯৯০.০০ লক্ষ টাকা ব্যয়ে ৩১/০৫/২০১৬ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। ইতোমধ্যে ০৫টি কার্যাদেশ জারী করা হয়েছে। জারীকৃত কার্যাদেশসমূহের মধ্যে কম্পিউটার, ফটোকপি মেশিন, ক্যামেরা, বাউন্ডারী ওয়াল, সেমিপাকা শেড, স্লিপওয়ারের মাটির অপসারণ, বর্তমান অফিসভবনের ওভারহোলিং ও সার্ভিসিং কাজ ১০০% সম্পন্ন হয়েছে। অপরদিক প্রকল্পের আওতায় অফিসভবন মেরামত, কারখানা, পাওয়ার হাউজ, মেশিনরুম, পর্যবেক্ষণ টাওয়ার, ওয়েলডিংশপ ইত্যাদি নির্মাণকাজ ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত ৮৫% শেষ হয়েছে। ডাবল কেবিন পিকআপ সরবরাহ পাওয়া গেছে এবং মিনিবাস অচিরেই পাওয়া যাবে, ইঞ্জিন বোর্ডের জন্য NOA দেয়া হয়েছে। প্রকল্পের গুরুত্বপূর্ণ অংশ স্লিপওয়ারের মেশিনারিজ ক্রয় এবং কারখানার জন্য যন্ত্রপাতি সংগ্রহের কাজ বিআইডব্লিউটিসি হতে ই-টেন্ডারিং এর মাধ্যমে করার নির্দেশনা ছিল। কিন্তু বিআইডব্লিউটিসি’র এ বিষয়ে অভিজ্ঞতা না থাকায় বিলম্ব হয়েছে বলে সভাকে অবহিত করেন। সভাপতি কি কি মেশিনারিজ কোন দেশ হতে আমদানি করা হবে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, লেদ, হেকসো, ফ্রেনসহ মোট ৩১ টি মেশিন ভারত, চায়না ও জার্মানি হতে আনা হবে। তাছাড়া এই ডকটি ২০০৩ সাল হতে বন্ধ। কর্মচারীদের অন জব ট্রেনিং দেয়া প্রয়োজন। ট্রেনিং না দিলে উক্ত প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হবে। এ সকল কারণে প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করা প্রয়োজন। কর্মচারীদের ট্রেনিং কে দিবে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, যন্ত্রপাতি সরবরাহকারী প্রতিষ্ঠান ট্রেনিং দিবে এবং ঠিকাদার জুনের ১ম সপ্তাহের মধ্যে LC খুলবে। ট্রেনিং এর ধারাবাহিকতা রক্ষার স্বার্থে বিআইডব্লিউটিসি এর নিজস্ব ট্রেনিং একাডেমি থাকার বিষয়ে সভাপতি সভায় গুরুত্বারোপ করেন।

৩। এই প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সম্পর্কে যুগ্ম-প্রধান বলেন যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে স্বয়ংক্রিয়ভাবে প্রকল্প ব্যয়ও বৃদ্ধি পায়। তাই ৬ মাসের বেশী সময় বাড়ানো সমীচীন হবে না। প্রকল্পের Component, ইঞ্জিনবোর্ট ক্রয়ের অগ্রগতি ও স্লিপওয়ারে এবং মেশিনারিজ ক্রয়ের অগ্রগতি জানতে চাইলে, প্রকল্প পরিচালক জানান, ইঞ্জিন বোর্টটি একটি বেসরকারী ডকইয়ার্ডে তৈরি হচ্ছে যা জুন, ২০১৮ নাগাদ পাওয়া যাবে। যুগ্ম-সচিব (অডিট ও আইন) জানান, প্রকল্পের বাউন্ডারি, সেমিপাকা ছাউনি, স্লিপওয়ারে থেকে মাটি অপসারণ সংক্রান্ত কার্যাবলী সম্পন্ন হয়েছে। কিন্তু প্রকল্প সমাপ্ত করতে বিলম্ব হলে উক্ত কাজগুলো পুনরায় করতে হতে পারে, ফলশ্রুতিতে ব্যয় আবারো বৃদ্ধি পাবে। বিআইডব্লিউটিসি’র চেয়ারম্যান সভাকে জানান যে, প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে সৃষ্ট সুবিধাদি যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে এবং প্রকল্পের সৃষ্ট সুবিধাদির সুবিধা পাওয়া যাচ্ছে।

৪। সিদ্ধান্তসমূহঃ-

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৪.১ প্রকল্পটির ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর (জুন, ২০১৯) পর্যন্ত বৃদ্ধির সুপারিশ করা হলো।
- ৪.২ প্রকল্পের অবশিষ্ট কাজগুলো দ্রুত সম্পাদন করতে হবে।
- ৪.৩ মেশিনারিজ ক্রয়ের যাবতীয় কার্যাবলী দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
মোঃ আবদুস সামাদ
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নং-১৮.০২৯.০০.০০.১২.০০৬.২০১৫/৮৭


তারিখঃ ১২/০৬/২০১৮খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেল পরিবহন উইং)।
- ৫। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলি হাউজ, শাহবাগ, ঢাকা-১২১৭।
- ৬। প্রকল্প পরিচালক “বিআইডব্লিউটিসি”র ডক-৩ এ মেরিন ওয়ার্কশপ স্থাপন ও অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মোঃ আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ-৯৫৪৫০৯৮